তারিখ ... 10 MAR 2015
পৃষ্ঠা ...

সমকাল

আজ এসএসসি পরীক্ষা হবে না

■ বিশেষ প্রতিনিধি

বিএনপি নেতৃত্বাধীন ২০ দলীয় জোট হঠাৎ করে চলমান হরতাল শিথিল করলেও আজ মঙ্গলবার এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে না। আগের ঘোষণা অনুযায়ী এ দিনের পরীক্ষা দুটি স্থগিত থাকবে।

আগের সূচি অনুসারে আজ শারীরিক শিক্ষা এবং স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা বিষয়ক দুটি পরীক্ষা হওয়ার কথা ছিল। চলতি সপ্তাহে বিএনপি জোট নতুন করে রোববার থেকে বুধবার সকাল ৬টা পর্যন্ত হরতাল ডাকায় গত রোববার তা স্থগিত করা হয়েছিল।

এ পরিস্থিতিতে ইংল্যান্ডকে হারিয়ে বাংলাদেশ ক্রিকেট দলের কোয়ার্টার ফাইনালের স্বপ্ন পূরণ হওয়ায় সোমবার রাতে এক বিবৃতিতে বিএনপি নেতৃত্বাধীন জোট হরতাল শিথিলের ঘোষণা দেয়। এতে এসএসসি পরীক্ষার্থী ও অভিভাবকরা পরীক্ষা হবে কি-না তা নিয়ে বিভ্রান্তিতে পড়েন। তাদের অনেকে সমকালে ফোন করে এ বিষয়ে জানতে চান।

যোগাযোগ করা হলে ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবু বকর ছিদ্দিক সমকালকে বলেন, আগের ঘোষণা অনুযায়ী মঙ্গলবারের পরীক্ষা স্থগিত থাকবে। ৮ ও ১০ মার্চের পরীক্ষাগুলোর সময়ও পুনঃনির্ধারণ করে পরে জানানো হবে।